



Commonwealth of Massachusetts
Executive Office of Energy & Environmental Affairs

Department of Environmental Protection

100 Cambridge Street Suite 900 Boston, MA 02114 • 617-292-5500

মাউরা টি হিলি
গভর্নর
কিন্সারলি ডিসকল
লেকটেন্যান্ট গভর্নর

রেবেকা এল টেপার
সেক্রেটারি
বনি হেইপল
কমিশনার

গণবিজ্ঞপ্তি

**লোয়ার চার্লস রিভার/চার্লস বেসিন
এবং
আলেওয়াইফ ব্রক/আপার মিস্টিক রিভার-এ
সিএসও ডিসচার্জের জন্য
ভ্যারিয়েন্স প্রয়োগের আপাতত সিদ্ধান্ত**

৪ ই মার্চ, ২০২৪ তারিখে MassDEP যে পাবলিক নোটিশ দিয়েছিল তার একটি সংযোজন (নীচে অন্তর্ভুক্ত) এখানে তুলে ধরা হল। MassDEP ৯ এপ্রিল, ২০২৪ সন্ধ্যা ৭:০০টায় নির্ধারিত তৃতীয় একটি ভার্সিয়াল গণশুনানি যুক্ত করছে। যারা অংশ নেওয়ার পরিকল্পনা করছেন তাদের জন্য, নিবন্ধকরণের তথ্য এখানে পাওয়া যাবে <https://www.mass.gov/info-details/massdep-permits-approvals-for-comment>। নিবন্ধন করার সময় অনুবাদ পরিষেবার জন্য অনুরোধ করতে পারবেন। অনুগ্রহ করে লক্ষ্য করুন যে নিবন্ধকরণ লিঙ্কে ক্লিক করে, জুম লিঙ্ক পাওয়ার জন্য আপনাকে আপনার ইমেল ঠিকানা দিতে বলা হবে। এই প্রক্রিয়াটি কয়েক মিনিট সময় নিতে পারে।

এতদ্বারা নোটিশ প্রদান করা হচ্ছে যে ম্যাসাচুসেটস ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল প্রোটেকশন (MassDEP), ম্যাসাচুসেটস ক্লিন ওয়াটারস অ্যাক্ট, এমজিএল সি ২১, §§ ২৬, এবং ম্যাসাচুসেটস সারফেস ওয়াটার কোয়ালিটি স্ট্যান্ডার্ডস, ৩১৪ সিএমআর ৪.০০ দ্বারা প্রদত্ত ক্ষমতাবলে MWRA এবং কেমব্রিজ সিটি কর্তৃক লোয়ার চার্লস রিভার / চার্লস বেসিন (ওয়াটারটোউন বাঁধ থেকে নিউ চার্লস রিভার বাঁধ)-এ সিএসও ডিসচার্জের জন্য অনধিক পাঁচ বছরের জন্য একটি ভ্যারিয়েন্স প্রয়োগ করছে (আগস্ট ২৯, ২০২৯), এবং MWRA এবং কেমব্রিজ এবং সোমারভিলে সিটি দ্বারা আলেওয়াইফ ব্রক / আপার মিস্টিক রিভারে সিএসও ডিসচার্জের জন্য অনধিক পাঁচ বছরের জন্য (আগস্ট ২৯, ২০২৯) ভ্যারিয়েন্স প্রয়োগ করছে।

৪ ই মার্চ, ২০২৪ থেকে, এই আপাতত সিদ্ধান্ত, প্রযুক্তিগত ফ্যাক্ট শীট এবং সংক্ষিপ্ত ফ্যাক্ট শীট এখানে পাওয়া যাবে <https://www.mass.gov/service-details/massdep-public-hearings-comment-opportunities>। এ ছাড়াও, নথিগুলির একটি অনুলিপি ক্যাথি কনিয়ারিস, MassDEP সারফেস ওয়াটার ডিসচার্জ পারমিট প্রোগ্রামের সাথে যোগাযোগ করে পাওয়া যাবে এখানে catherine.coniaris@mass.gov অথবা ৬১৭-৮৩৫-৬৬৯৩ নম্বরে। আপাতত সিদ্ধান্তের উপর লিখিত মন্তব্য ২২ এপ্রিল, ২০২৪ বিকাল ৫:০০ টা পর্যন্ত গ্রহণ করা হবে।

২৪ মার্চ দুপুর ১:০০ টা ও সন্ধ্যা ৬:০০ টায় এই দুটি ভার্সিয়াল গণশুনানি অনুষ্ঠিত হবে। যারা উপস্থিত থাকার পরিকল্পনা করছেন, তাদের জন্য নিবন্ধনের তথ্য এখানে পাওয়া যাবে

<https://www.mass.gov/service-details/massdep-public-hearings-comment-opportunities>.

নিবন্ধন করার সময় অনুবাদ পরিষেবার জন্য অনুরোধ জানানো যাবে।

MassDEP লিখিত মন্তব্য ইমেইলে এখানে জমা দিতে আন্তরিক ভাবে উত্সাহিত করছে massdep.publiccommentnpdes@mass.gov, সাবজেক্ট লাইন: সিএসও ভেরিয়েন্স। যদি সম্ভব না হয় অনুগ্রহ করে মেইলে এখানে পাঠাবেন MassDEP, দৃষ্টি আকর্ষণ Cathy Coniaris, 100 Cambridge St. Suite 900, Boston, MA 02114.

এই তথ্য বিকল্প ফর্ম্যাটে পাওয়া যায়। অনুগ্রহ করে মেলিক্সজা এসেন্সের সাথে যোগাযোগ করুন 617-626-1282.

TTY# MassRelay Service 1-800-439-2370

MassDEP ওয়েবসাইট: www.mass.gov/dep

পুনর্ব্যবহৃত কাগজে মুদ্রিত

মন্তব্যের সময়কাল শেষ হওয়ার পরে, MassDEP চূড়ান্ত সিদ্ধান্ত এবং মন্তব্যের প্রতিক্রিয়া প্রস্তুত করবে এবং লিখিত মন্তব্য জমা দেওয়া প্রতিটি ব্যক্তি বা সংস্থার কাছে অনুলিপি প্রেরণ করবে। বিশেষ ব্যবস্থার জন্য অনুগ্রহ করে 617-292-5751 নম্বরে MassDEP ডাইভার্সিটি অফিসে কল করুন। টিটিওয়াই # MassRelay Service 1-800-439-2370। অনুরোধের ভিত্তিতে এই তথ্য বিকল্প ফর্ম্যাটে পাওয়া যায়।

ডিপার্টমেন্টের আদেশক্রমে

বনি হেইপল, কমিশনার